


# ৫০ শিক্ষাপ্রতিষ্ঠানে পাস করেনি কেউ

নিজস্ব বার্তা পরিবেশক:

: বুধবার, ০৮ ফেব্রুয়ারী ২০২৩



২০২২ সালের উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এবার সারাদেশে পাসের হার ৮৫ দশমিক ৯৫ শতাংশ।

এতে অংশ নিয়েছিল মোট ৯ হাজার ১৩৯টি শিক্ষাপ্রতিষ্ঠান। অংশ নেওয়া এসব শিক্ষাপ্রতিষ্ঠানে মধ্যে ৫০টিতে কোনো শিক্ষার্থীই পাস করতে পারেনি। এমন শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা গত বছরের তুলনায় বেড়েছে। গত বছর এমন প্রতিষ্ঠানের সংখ্যা ছিলো ৫টি।

সবাই ফেল করা শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর মধ্যে সর্বোচ্চ ১৩টি দিনাজপুর শিক্ষা বোর্ডের, ৯টি রাজশাহীর, ৮টি ঢাকার, ৬টি যশোরের, ৫টি কুমিল্লায় ও ৩টি ময়মনসিংহের। এ ছাড়া ৪টি মাদরাসা ও ২টি টেকনিক্যাল প্রতিষ্ঠানের কেউ পাস করেনি।

এ বছর ১ হাজার ৩৩০টিতে শতভাগ শিক্ষার্থীই পাস করেছে। তবে এই সংখ্যা গত বছরের তুলনায় কমেছে। গত বছর ১ হাজার ৯৩৪টি শতভাগ পাসের শিক্ষা প্রতিষ্ঠান ছিল।

বুধবার (৮ ফেব্রুয়ারি) বেলা সাড়ে ১১টার প্রধানমন্ত্রীর কার্যালয়ের চামেলী হলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কালে এ ফল হস্তান্তর করা হয়। দুপুর সাড়ে ১২টার দিকে সংবাদ সম্মেলনে ফলের বিস্তারিত তুলে ধরেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

গত ৬ নভেম্বরে শুরু হয়েছিল এইচএসসি ও সমমানের পরীক্ষা। এ বছর দুই হাজার ৬৪৯টি কেন্দ্র ও ৯ হাজার ১৮১টি প্রতিষ্ঠানে এইচএসসি ও সমমানের পরীক্ষা হয়। ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি বোর্ড মিলিয়ে ১১টি শিক্ষা বোর্ডের অধীন মোট পরীক্ষার্থী ছিলেন ১২ লাখ ৩ হাজার ৪০৭ জন। ১৩ ডিসেম্বর তত্ত্বীয় পরীক্ষা ও ২২ ডিসেম্বর ব্যবহারিক পরীক্ষা শেষ হয়।